



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৩.৪১৭.২০১৬-২২৮১৫

তারিখ : ০২/১২/২০২০

“অফিস আদেশ”

মরহুম তবিবর রহমান, প্রাক্তন বিদ্যালয় পরিদর্শক ও উপ-পরিচালক(চলতি দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল ১০০% পেনশন সমর্পণ করেন এবং পরবর্তীতে পেনশন পুনঃস্থাপিত হয়। বর্ণিত কর্মকর্তা গত ২৩/১০/২০১৯ তারিখে পেনশন ভোগরত অবস্থায় মৃত্যুবরণ করেন। মরহুম তবিবর রহমান এর স্ত্রী জনাব মোছাঃ নাগিস সাহানা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পারিবারিক পেনশনের জন্য আবেদন করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডোমার, নীলফামারী এর মাধ্যমে জানা যায় যে, মোছাঃ নাগিস সাহানা মরহুম তবিবর রহমান এর ১ম স্ত্রী নন, ২য় স্ত্রী। যাহা মোছাঃ নাগিস সাহানা তার আবেদনে উল্লেখ করেননি(কপি সংযুক্ত)। যার ফলে জনাব তবিবর রহমান এর মৃত্যুজনিত পারিবারিক পেনশন প্রদানে জটিলতা সৃষ্টি হয়। মৃত্যুকালে মরহুম তবিবর রহমান কতজন বৈধ উত্তরাধিকারী রেখে যান/আছেন তাদের নামসহ তথ্যের প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে সরেজমিন তদন্ত করে ০২(দুই) প্রস্থ প্রতিবেদন মতামতসহ দাখিল করার জন্য অধ্যক্ষ, ডোমার সরকারি কলেজ, ডোমার, নীলফামারীকে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্ত হবেন।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড.সৈয়দ মো.গোলাম ফারুক)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৫৩৫৪২


অধ্যক্ষ  
ডোমার সরকারি কলেজ  
নীলফামারী।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.১৩.৪১৭.২০১৬- ২২৮২৫/২০ -

তারিখ : ০২/১২/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
- ০৫। জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
- ০৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নীলফামারী;
- ০৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ডোমার, নীলফামারী;
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৯। জনাব মোছাঃ নাগিস সাহানা, স্বামী-মরহুম তবিবর রহমান, প্রাক্তন বিদ্যালয় পরিদর্শক ও উপ-পরিচালক(চলতি দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ১০। সংরক্ষণ নথি।

  
(মো: রুহুল মমিন)

উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ৯৫৫৩৬০৭

তারিখ : ২১/৮/২০২০

বরাবর,  
বিভাগীয় উপ-পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ, বরিশাল।

বিষয় : পারিবারিক পেনশন কেইস মঞ্জুরী প্রসঙ্গে।

জনাব,  
বিনীত নিবেদন এই যে, আমি মোছাঃ নাগিস সাহানা, মরহুম তবিবর রহমান, প্রাজ্ঞন বিদ্যালয় পরিদর্শক ও উপ পরিচালক (চঃদাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরিশাল বিভাগ, বরিশাল এর স্ত্রী। আমার স্বামী আপনার দপ্তর হতে অবসর গ্রহণ করেন। তিনি ১০০% পেনশন সমর্পন করেছিলেন পরবর্তীতে সরকারী নির্দেশনার প্রেক্ষিতে তাহার পেনশন পুনঃস্থাপিত হয় এবং তিনি পেনশন ভোগরত অবস্থায় গত ২৩/১০/২০১৯ ইং তারিখে মৃত্যুবরণ করেন। সরকারী অপর এক আদেশের প্রেক্ষিতে আমার স্বামীর মৃত্যুর পর আমি পারিবারিক পেনশন পাওয়ার হকদার। কাজেই আমি পারিবারিক পেনশন পাওয়ার জন্য আবেদন করিতেছি।

অতএব, মহোদয়ের নিকট বিধায় প্রার্থনা আমার নামে পারিবারিক পেনশন মঞ্জুরী প্রদান করিতে আপনার সদয় মর্জি হয়।

মোছাঃ নাগিস সাহানা  
বরিশাল

নিবেদিকা  
আপনার বাধ্যগত

মোছাঃ নাগিস সাহানা  
(মোছাঃ নাগিস সাহানা) ২১/৮/২০

স্বামী- মরহুম তবিবর রহমান  
প্রাজ্ঞন বিদ্যালয় পরিদর্শক ও উপ পরিচালক (চঃদাঃ),  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরিশাল বিভাগ,  
বরিশাল

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
বহুপরিচালকের দপ্তর

ক্রমিক নং  
তারিখ:  
প্রঃ নং/নং বিঃ  
ক্রঃ নং/নং বিঃ  
প্রঃ নং/নং বিঃ  
ক্রঃ নং/নং বিঃ

তারিখের মধ্যে  
যদিও বিবেক/আজ্ঞা করুন।

স্বাক্ষর

স্বাক্ষরী পরিচালক (স্বাক্ষর)

15 OCT 2020